

# EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

## PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov)

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



## সংবাদ বিজ্ঞপ্তি

### পার্বত্য চট্টগ্রামে খাদ্য সরবরাহ নিশ্চিতকল্পে

### ১লাখ ডলার সহায়তা দিয়েছে যুক্তরাষ্ট্র সরকার

পার্বত্য চট্টগ্রামে ইঁদুরের আক্রমণে প্রায় ৯০ শতাংশ জমির ফসল ধ্বংস হয়ে গেছে

ঢাকা, ৩০শে এপ্রিল -- ইঁদুরের ব্যাপক আক্রমণ এবং খাদ্যের মূল উৎসসমূহের ধ্বংসের কারণে পার্বত্য চট্টগ্রামের জনগণের দুর্দশা লাঘবে জরুরি সাড়া হিসেবে যুক্তরাষ্ট্র সরকার ১লাখ ডলার প্রদান করেছে। প্রতি ৪০-৫০ বছর পরপর বাঁশ গাছে যুগপৎ ফুল ফোটার ফলে এমনটি ঘটে থাকে। বাঁশ গাছে ফুল ফোটার প্রেক্ষিতে খাদ্যের আকস্মিক প্রাচুর্যের কারণে উপদ্রুত এলাকায় অস্বাভাবিকভাবে ইঁদুরের বংশ বিস্তার ঘটে। বাঁশের ফল খাওয়া শেষ হওয়া মাত্র তারা ফসল ও মজুদকৃত খাদ্যসম্পদের দিকে অগ্রসর হয় এবং তাদের চলার পথে যা কিছু পায় সব দ্রুত সাবাড় করে ফেলে। তারা কোন কোন এলাকায় ৪৮ ঘণ্টারও কম সময়ের মধ্যে পুরো মাঠের ফসল ধ্বংস করে ফেলেছে। ফলে প্রায় ৯০ শতাংশ জমির ফসল ধ্বংস হয়েছে এবং পার্বত্য জেলার ২৫ হাজার পরিবারের কাছে খাদ্য সরবরাহে বিপত্তি ঘটেছে। এই প্রেক্ষিতে ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে দেশীয় বীজ সরবরাহের জন্য জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-র সহযোগিতায় বেসরকারি সংস্থা কেয়ার যে উদ্যোগ নিয়েছে তাতে যুক্তরাষ্ট্র সরকার যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি)-র মাধ্যমে এই অর্থায়ন করবে, যাতে কৃষকরা বর্ষা মৌসুমের শুরুতেই নতুন শস্য বপন করতে পারে।

ইউএসএআইডি যুক্তরাষ্ট্র সরকারের প্রধান উন্নয়ন সংস্থা। এটি বিশ্বের একশ'টিরও বেশি দেশে সক্রিয়ভাবে কাজ করছে। ২০০৭ সালে যুক্তরাষ্ট্র বাংলাদেশের জনগণের জন্য উন্নয়ন সহায়তা হিসেবে ৮ কোটি ২০ লাখ ডলার প্রদান করেছে। ১৯৭১ থেকে ২০০৭ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্র পাঁচশ' কোটি ডলারেরও বেশি বাংলাদেশকে উন্নয়ন সহায়তা প্রদান করেছে যার অর্ধেকেরও বেশি ছিল খাদ্য সহায়তা।

=====

জিআর/২০০৮

**দ্রষ্টব্য:** এই নিবন্ধের ইংরেজি ভাষা 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov)) যোগাযোগ করুন।